

স্মারক নং পবিপ্রবি/প্রশা-১৩৭/ব-৩৪(অংশ-২)/১১/২২১৬

তারিখ: ০৪.১০.২০২৬ খ্রি.

নোটিশ


সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি একটি প্রতারণা চক্র পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (PSTU)-এর শিক্ষার্থীদের অনলাইন সনদপত্র/শিক্ষার্থী তথ্য যাচাইয়ের নামে একটি ভুয়া ওয়েবসাইট www.pstu-iems.online ব্যবহার করছে। উক্ত প্রতারণা চক্র বিভিন্ন শিক্ষার্থীকে নিয়ন্ত্রণ Graduate Login ও Verification Details প্রদান করে উক্ত ওয়েবসাইটে প্রবেশ এবং শিক্ষার্থী পরিচয়/তথ্য যাচাই করার জন্য প্রলুব্ধ করছে—

- Graduate Login Portal: www.pstu-iems.online
- Username: শিক্ষার্থীর নাম বা নির্দিষ্ট ইউজারনেম
- Password: প্রদত্ত পাসওয়ার্ড
- Student ID: শিক্ষার্থীর আইডি নম্বর
- Result Published On: ফলাফল প্রকাশের তারিখ

এ মর্মে স্পষ্টভাবে জানানো যাচ্ছে যে, উল্লিখিত www.pstu-iems.online ওয়েবসাইটের সঙ্গে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কোনো অনুমোদিত/প্রাতিষ্ঠানিক সম্পর্ক নেই। বিশ্ববিদ্যালয়ের নাম ও পরিচয় ব্যবহার করে শিক্ষার্থীদের বিভ্রান্ত করে ব্যক্তিগত ও একাডেমিক তথ্য সংগ্রহের এ ধরনের কার্যক্রম থেকে সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো। সনদপত্র, একাডেমিক রেকর্ড বা শিক্ষার্থী পরিচয় অনলাইনে যাচাইয়ের ক্ষেত্রে কোনো অপরিচিত বা অননুমোদিত ওয়েবসাইটে User Name, Password, Student ID অথবা অন্যান্য ব্যক্তিগত তথ্য প্রদান না করার জন্য সকল শিক্ষার্থী ও সংশ্লিষ্ট ব্যক্তিকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সনদপত্র/প্রামাণিক নথি যাচাইয়ের প্রয়োজন হলে শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত অফিসিয়াল মাধ্যম অথবা সরকার নির্ধারিত Apostille/সনদ যাচাই সংক্রান্ত সরকারি প্ল্যাটফর্ম (website- <https://apostille.mygov.bd>) ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে কেউ উক্ত ভুয়া ওয়েবসাইটে প্রবেশ করে বা ব্যক্তিগত তথ্য প্রদান করে প্রতারণার শিকার হলে তার দায়ভার সংশ্লিষ্ট ব্যক্তিকেই বহন করতে হবে। সকলকে সতর্ক ও সচেতন থাকার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে



(প্রফেসর মোহাম্মদ জামাল হোসেন)

রেজিস্ট্রার (অ. দা.)

মোবাইল : ০১৭৩৩০৯৪৭৭৭

ই-মেইল: registrar@pstu.ac.bd

অনুলিপিঃ- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

১. ডিন, সকল অনুষদ, পবিপ্রবি
২. প্রভোস্ট, সকল আবাসিক হল, পবিপ্রবি
৩. ছাত্র বিষয়ক উপদেষ্টা, পবিপ্রবি
৪. আবাসিক এবং সদস্য-সচিব, প্রিন্টিং উপ-কমিটি ২০২৪-২৫ (একাডেমিক প্রোফাইলের বাংলা ভাষনে আদেশ প্রতিস্থাপনের অনুরোধসহ), পবিপ্রবি
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, পবিপ্রবি
৬. পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব বিভাগ, পবিপ্রবি
৭. ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা ও বৃত্তি শাখা, পবিপ্রবি
৮. ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), পবিপ্রবি
৯. পিও টু প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), পবিপ্রবি
১০. সকল নোটিশ বোর্ড, পবিপ্রবি
১১. সংশ্লিষ্ট নথি
১২. মহানথি